

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.২০.৫১

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭

১১ নভেম্বর ২০২০

বিষয়: রিট পিটিশন নং-৪০৬৫/২০২০ মামলায় রুল নিশির আলোকে Show Cause এর জবাবসহ সামলাটিতে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২০.০৮.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: শওকত হোসেন, পিতা: মৃত মকবুল হোসেন, গ্রাম: বামনজল, থানা: সুন্দরগঞ্জ, জেলা: গাইবান্ধা, উপাধ্যক্ষ (ইনডেক্স নং-৩৯৮৪৭৪) (ভারপ্রাপ্ত) ভুরারঘাট এম.ইউ.দ্বি-মুখী সিনিয়র মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪০৬৫/২০২০ মামলা দায়ের করা হয়েছে। মামলাটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট এবং রুলনিশিতে স্মারক পত্র-নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮.৭৯, তারিখ: ১৫.০৬.২০২০ খ্রি: এর কার্যকারিতা ০৬ (ছয়) মাসের জন্য stay করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮.৭৯, তারিখ: ১৫.০৬.২০২০ খ্রি: (স্মারক নম্বর/ইস্যুক্যারী প্রতিষ্ঠানের নাম ভুল আছে) মূলে আবেদনকারী জনাব মো: শওকত হোসেন-এর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) পদ পরিবর্তন করা হয় এবং তদস্থলে জনৈক এমএস নিলুফার ইয়াসমিন, সহকারী অধ্যাপক, ভুরারঘাট এম.ইউ.দ্বি-মুখী সিনিয়র মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ করা হয়। এতে সংশ্লিষ্ট হয়ে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. মামলাটির রুল নিশিতে-

(ক) স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮.৭৯, তারিখ: ১৫.০৬.২০২০ খ্রি: এর প্রেক্ষিতে Show Cause করা হয়েছে এবং ১৭.০৯.২০২০ খ্রি: তারিখ অথবা তার পূর্বে Show Cause এর জবাব চাওয়া হয়েছে। Show Cause এর জবাবসহ মহামান্য আদালতে Affidavit in opposition দাখিল করা প্রয়োজন।

(খ) রুল নিশির আদেশে স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮.৭৯, তারিখ: ১৫.০৬.২০২০ খ্রি: এর কার্যকারিতা এবং উপাধ্যক্ষ এর নিয়োগ ০৬ (ছয়) মাসের জন্য stay করা হয়েছে। stay order vacate করা প্রয়োজন।

(গ) : রুল নিশির আদেশ নিম্নরূপ:

" Subject to the disposal of the Rule, the operation of the letter dated 15.06.2020 vide memo No. ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮.৭৯ (Annexure-D to the writ petition) issued under the signature by the Respondent No. 5 changing the petitioner from the post of principal (In-Charge) of Bhurar Ghat M.U.Bi lateral fazil (degree) Madrasha, Sundargonj, Gaibandha and thereby appointing the respondent No.8 as principal (In-charge) be stayed for a period of 06 (six) months from date." উল্লেখ্য যে, ৫ নং রেসপনডেন্ট সহকারী সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, মাদ্রাসা শাখা-১।

০৪. উক্ত রিট মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ০১ নং রেসপনডেন্টসহ মোট ০৮ (আট) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

ক. রুলের আদেশটি vacate করার জন্য কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে? রুল vacate করার ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কী না?

খ. উক্ত মামলায় রুল নিশির আলোকে Show Cause এর জবাবসহ Affidavit in opposition মহামান্য আদালতে দাখিল হয়েছে কী-না? হয়ে থাকলে এর প্রমাণকসহ তথ্য এবং না হয়ে থাকলে কবে নাগাদ দাখিল হবে এ বিষয়ে তথ্য প্রয়োজন।

গ. উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী এ বিষয়ে তথ্য প্রয়োজন

ঘ. উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী এ বিষয়ে তথ্য প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৪০৬৫/২০২০ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) দাখিলক্রমে (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রমাণকসহ মামলাটি বিষয়ে চাহিত তথ্য আগামী ১৯.১১.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-১১-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.২০.৫১/১(৭)

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭
১১ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



১১-১১-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)